

সরকারি শামসুর রহমান কলেজ

ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স

প্রথম বর্ষ -নির্বাচনী পরীক্ষা -২০২১

অর্থনীতি ২য় পত্র (বাংলাদেশের অর্থনীতি)

বিষয় কোড- ১১২২০৩

সময় : ৩ ঘন্টা ৩০ মিনিট

পূর্ণমান : ৮০

ক - বিভাগ

যে কোন দশটি প্রশ্নের উত্তর দাও।

১×১০ = ১০

- ১। (ক) শিল্পনীতি কী?
- (খ) “একটি দেশ দরিদ্র কারণ সে দরিদ্র”-উক্তিটি কার?
- (গ) রেমিট্যান্স কি?
- (ঘ) ঘাটতি বাজেট কাকে বলে?
- (ঙ) আর্থিক নীতি কি?
- (চ) প্রান্তিক কৃষক কাকে বলে?
- (ছ) লেনদেন ভারসাম্য কাকে বলে?
- (জ) ছদ্মবেশী বেকারত্ব কী?
- (ঝ) বাংলাদেশে কৃষিক্ষেত্রের প্রাতিষ্ঠানিক উৎস কী কী?
- (ঞ) মুদ্রাবাজার কাকে বলে?
- (ট) BRAC-এর পূর্ণরূপ লিখ।
- (ঠ) MDG এর পূর্ণরূপ কী?

খ - বিভাগ

যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

৪×৫ = ২০

- ২। একটি দেশের উন্নয়নের পূর্বশর্ত কী কী?
- ৩। বাংলাদেশের জনসংখ্যার ঘনত্ব বেশি হওয়ার কারণ কী কী?
- ৪। বাংলাদেশের কৃষি ঋণের উৎসগুলো লিখ।
- ৫। ক্ষুদ্র ও কুটিরশিল্পের পার্থক্য লিখ।
- ৬। মুদ্রা বাজার ও মূলধন বাজারের পার্থক্য লিখ।
- ৭। অর্থনৈতিক উন্নয়ন ও অর্থনৈতিক প্রবৃদ্ধির মধ্যে পার্থক্য নির্দেশ কর।
- ৮। ভূমি সংস্কার ও কৃষি সংস্কারের মধ্যে পার্থক্য লিখ।
- ৯। মানবসম্পদ উন্নয়নের উপায়সমূহ আলোচনা কর।

গ- বিভাগ

যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

১০×৫ = ৫০

- ১০। (ক) LDC বলতে কি বুঝ?
- (খ) বাংলাদেশ কি একটি উন্নত, অনুন্নত না উন্নয়নশীল দেশ? যুক্তি দাও।
- ১১। (ক) উফশী প্রযুক্তি কী?
- (খ) বাংলাদেশের কৃষির আধুনিকায়নের উপায় বর্ণনা কর।
- ১২। (ক) জনসংখ্যার ঘনত্ব বলতে কী বুঝ?
- (খ) অতিরিক্ত জনসংখ্যা কিভাবে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের পথে বাধা সৃষ্টি করে- আলোচনা কর।
- ১৩। বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে পরিবহন ও যোগাযোগ ব্যবস্থার গুরুত্ব আলোচনা কর।
- ১৪। (ক) দারিদ্র্য বিমোচন কী?
- (খ) বাংলাদেশে দারিদ্র্য বিমোচন সরকার কর্তৃক গৃহীত কর্মসূচিগুলো ব্যাখ্যা কর।
- ১৫। বাংলাদেশ ব্যাংকের গঠন ও কার্যাবলি আলোচনা কর।
- ১৬। (ক) প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগ বলতে কি বুঝায়?
- (খ) বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগের ভূমিকা আলোচনা কর।
- ১৭। (ক) উন্নয়ন পরিকল্পনা বলতে কী বুঝায়?
- (খ) বাংলাদেশের ন্যায় উন্নয়নশীল দেশের উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের সমস্যাগুলি আলোচনা কর।